# রিসার্চ ইন্টার্নশিপ কার্যক্রম পরিচালনার নীতিমালা

দেশে জীবপ্রযুক্তির উন্নয়ন ও মানব কল্যাণে এর প্রয়োগের ক্ষেত্রে উপযুক্ত গবেষণা সুবিধাদির স্বল্পতা ও দক্ষ জনবলের অপ্রতুলতা অন্যতম প্রধান বাধা। ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি) আধুনিক সুযোগসুবিধা ব্যবহার করে দক্ষ বিজ্ঞানীদের মাধ্যমে জীবপ্রযুক্তি সংক্রান্ত বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করে থাকে। পাশাপাশি জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন কলেজ/বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের প্রশিক্ষণ প্রদান করে থাকে। এছাড়াও মাস্টার্সে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের থিসিসের গবেষণা কার্যক্রম পরিচালনারও সুযোগ প্রদান করে। উপরোল্লিখিত কার্যক্রমের পাশাপাশি এনআইবি জীবপ্রযুক্তি/সংশ্লিষ্ট বিষয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের জন্য এনআইবিতে রিসার্চ ইন্টার্নশিপ প্রদানের কার্যক্রম গ্রহণ করেছে। এর মাধ্যমে শিক্ষার্থীগণ জীবপ্রযুক্তি সংক্রান্ত বিভিন্ন কলাকৌশল সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা লাভের পাশাপাশি এনআইবিতে চলমান বিভিন্ন গবেষণা কার্যক্রমে অংশগ্রহণের প্রত্যক্ষ সুযোগ লাভ করবে। ইন্টার্নশিপে অংশগ্রহণের জন্য নিম্নোক্ত বিষয়াবলী/শর্তাবলী সংশ্লিষ্ট সকলের জন্য অনুসরণ করা আবশ্যক।

**রিসার্চ ইন্টার্নশিপ ব্যবস্থাপনা:**

১. ইন্টার্নশিপের প্রশাসনিক অনুমোদনের প্রক্রিয়া, সার্টিফিকেট প্রদান, ইন্টার্নশিপের আবেদনকারিগণের (ইন্টার্নদের) সাথে যোগাযোগ ইত্যাদি বিষয়ে সার্বিক সমন্বয় ও ব্যবস্থাপনা করবে এনআইবি'র প্রশিক্ষণ বিভাগ।

২. এনআইবি'র প্রতিটি গবেষণা বিভাগ আগ্রহী শিক্ষার্থীদের ইন্টার্নশিপের আবেদন প্রাপ্তি সাপেক্ষে প্রতিবছর দুইটি সেশনে (প্রতি সেশনে সর্বোচ্চ ১৫ জন) শিক্ষার্থীকে এনআইবিতে রিসার্চ ইন্টার্নশিপ এর সুযোগ প্রদান করা হবে।

**ছাত্র-ছাত্রীর যোগ্যতা ও নিয়মাবলী**

১. রিসার্চ ইন্টার্নশিপের মেয়াদ হবে সর্বোচ্চ ১ (এক) মাস।

২. আগ্রহী ছাত্র/ছাত্রীকে স্নাতক শেষ বর্ষ বা মাস্টার্সে অধ্যয়নরত হতে হবে।

৩. বিদেশে অবস্থিত প্রতিষ্ঠানে অধ্যয়নরত বাংলাদেশি এবং বাংলাদেশে অধ্যয়নরত বিদেশি শিক্ষার্থীগণও ইন্টার্নশিপের জন্য আবেদন করতে পারবে।

৪. জনপ্রতি ৩০০০/- টাকা ইন্টার্নশিপ শুরুর দিন এনআইবি'র প্রশিক্ষণ বিভাগ হতে টাকা জমার ফরম সংগ্রহপূর্বক নির্ধারিত ব্যাংক একাউন্টে টাকা জমা প্রদান করতে হবে)।

৫. সংশ্লিষ্ট আবেদনকারীকে নিজ দায়িত্বে থাকা ও খাওয়ার ব্যবস্থা করতে হবে।

৬. ইন্টার্নশিপের যাবতীয় আয়োজন এনআইবি'র প্রশিক্ষণ বিভাগ সংশ্লিষ্ট গবেষণা বিভাগের সাথে সমন্বয় করে সম্পন্ন করবে। এজন্য সুনির্দিষ্টভাবে কোন সুপারভাইজর নিযুক্ত করা হবে না। গবেষণা বিভাগের বিভাগীয় প্রধান যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

**আবেদন পদ্ধতি**

**ধাপ-১:** ইন্টার্নশিপ করতে আগ্রহী ছাত্রছাত্রী ইন্টার্নশিপ এর জন্য এনআইবি কর্তৃক নির্ধারিত আবেদন ফরম (সংযুক্তি-১: ডাউনলোড) ডাউনলোড করে সকল তথ্য যথাযথভাবে পূরণপূর্বক সংশ্লিষ্ট ছাত্রছাত্রীর অনুষদ প্রধান/বিভাগীয় প্রধান/নিয়ন্ত্রণকারি কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও সীলযুক্ত আবেদনপত্রের পিডিএফ কপি মহাপরিচালক বরাবর ইমেইলে (dg@nib.gov.bd) পাঠিয়ে দিতে হবে।

বিশেষ নির্দেশনাবলী-

(ক) ইন্টার্নশিপ এর সম্ভাব্য সময়কাল (সর্বোচ্চ এক মাস) কত তারিখ থেকে কত তারিখ পর্যন্ত তা উল্লেখ করতে হবে। আবেদনপত্রের পিডিএফ কপি ইমেইলে পাঠানোর সময় ইন্টার্নশিপ এর সম্ভাব্য সময়কাল ইমেইলেও উল্লেখ করতে হবে।

(খ) একজন আবেদনকারি যে তারিখ থেকে এনআইবিতে ইন্টার্নশিপ শুরু করতে আগ্রহী সেই তারিখের ১০-১৫ দিন পূর্বে আবেদন করতে হবে। বিদেশে অবস্থানরতদের জন্য এই সময়সীমা শিথিলযোগ্য।

(গ) এনআইবি কর্তৃক নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পুরণপূর্বক এক পৃষ্ঠায় প্রিন্ট করে জমা দিতে হবে। এক পৃষ্ঠার বেশি আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।

**ধাপ-২:** ইন্টার্নশিপ এর আবেদন সংক্রান্ত বিষয়ে এনআইবি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত আবেদনকারীকে ইমেইল বা মোবাইলে জানিয়ে দেয়া হবে। ইন্টার্নশিপ করতে আগ্রহী ছাত্রছাত্রীগণ এনআইবি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত পাওয়ার পর নির্ধারিত তারিখ হতে ইন্টার্ণশিপে অংশগ্রহণ করতে পারবে।

**ধাপ-৩:** ইন্টার্নশিপ শুরুর দিন ইন্টার্নশিপ এর জন্য নির্ধারিত ফি এনআইবি'র প্রশিক্ষণ বিভাগ হতে টাকা জমার ফরম সংগ্রহপূর্বক নির্ধারিত ব্যাংক একাউন্টে জমা দিতে হবে

**প্রয়োজনীয় কাগজপত্র:**

ইন্টার্নশিপে অংশ গ্রহণের সময় আবেদনকারীকে নিম্নলিখিত কাগজপত্র এনআইবি'র প্রশিক্ষণ বিভাগে আবশ্যিকভাবে জমা দিতে হবে-

১. আবেদনকারি কর্তৃক যথাযথভাবে পূরণকৃত এবং অনুষদ প্রধান/বিভাগীয় প্রধান/শাখা প্রধান/গবেষণা সুপারভাইজর/নিয়ন্ত্রণকারি কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও সীলযুক্ত আবেদনপত্রের মূল কপি।

২. নির্ধারিত ফি জমাদানের রশিদ।

৩. এক কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

ইন্টার্নশিপ শুরুর দিন উল্লিখিত কাগজ পত্রসহ এনআইবি'র প্রশিক্ষণ বিভাগে যোগোযোগ করতে হবে।

**নীতিমালা হালনাগাদকরণ**

১. এই নীতিমালা প্রয়োজন অনুযায়ী সময় সময় হালনাগাদ করা যাবে।

Iftekhar
12.10.2025
ANM Iftekhar Alam, PhD
Senior Scientific Officer
Plant Biotechnology Division
National Institute of Biotechnology
Ganakbari, Savar, Dhaka-1349.

12/10/2025
Kesnob Chandra Das
Principal Scientific Officer & Head
Molecular Biotechnology Division
National Institute of Biotechnology
Ganakbari, Ashulia, Savar, Dhaka-1349

১২/১০/২০২৫
ড. আবু হাশেম
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও
বিভাগীয় প্রধান
মাইক্রোবিয়াল বায়োটেকনোলজি বিভাগ
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা

১২/১০/২০২৫
Dr. Md. Abdul Alim
Senior Scientific Officer
Animal Biotechnology Division
National Institute of Biotechnology
Savar, Dhaka-1349, Bangladesh

১২/১০/২০২৫
Dr. Jahangir Alam
Chief Scientific officer
A... Biotechnology Division
National Institute of Biotechnology
Ganakbari, Ashulia, Savar, Dhaka-1349